

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে থোক বরাদ্দ প্রসঙ্গে

৭/৫/০৭
৪২

দেশের সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষা বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। শতকরা ৯০ ভাগের অধিক শিক্ষার্থী বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়ন করে। বেসরকারিভাবে পরিচালিত হওয়ায় আর্থিক সংকটের কারণে এ সকল শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মিত সংস্কার, আসবাবপত্র, বিজ্ঞানাগারের যন্ত্রপাতি এবং গ্রন্থাগারের জন্য পুস্তক ক্রয় করা যায় না। ফলে শিক্ষার স্তর, পরিবেশ এবং কৃষিকৃত গুণগত মান রক্ষা করা সম্ভব হয় না।

আমাদের জানানামতে, প্রতিবছর সকল সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে উল্লিখিত বিষয়সমূহের জন্য নিয়মিত আর্থিক বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। যেহেতু বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয় শিক্ষা ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে, সেহেতু সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় অনুরূপ আর্থিক বরাদ্দ প্রদান করা হলে দেশের সামগ্রিক শিক্ষার গুণগত মানের উপর ইতিবাচক প্রভাব পড়বে। তাই সার্বিক অবস্থা বিবেচনা করে, দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার মান উন্নয়নে উল্লিখিত বিষয়সমূহে প্রতি অর্থ বছরে থোক বরাদ্দ প্রদানের জন্য মাননীয় শিক্ষা উপদেষ্টার আন্তরিক হস্তক্ষেপ কামনা করছি।

সরদার মুহম্মদ ইব্রিস আলী,
অধ্যক্ষ,
কাজী সিরাজুল ইসলাম মহিলা কলেজ,
বোয়ালমারী, ফরিদপুর।